দৈনিক খবর

তারিখ ... 25 FEB 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

27

# ইসলামী ভার্সিটি স্থানান্তরের বিরুদ্ধে বিক্ষোভ

ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রতিরোধ জাতীয় কমিটি ঘোষিত দেশব্যাপী বিক্ষোভ দিবস উদ্‌যাপন উপলক্ষে গতকাল শনিবার গুলিস্তান চত্বরে গোলাপশাহ মসজিদ প্রাঙ্গণে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন প্রতিরোধ কমিটির সভাপতি মাওলানা মুহিউদ্দিন খান।

সভায় ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের প্রক্রিয়া যে কোন মূল্যে প্রতিহত করার আহবান জানিয়ে বক্তব্য রাখেন বাংলাদেশ নেজামে ইসলাম পার্টির সভাপতি মাওলানা আশরাফ আলী, বাংলাদেশ মুসলিম লীগের মহাসচিব এডভোকেট আয়েনউদ্দিন, বাংলাদেশ লেবার পার্টির সভাপতি মাওলানা আবদুল মতীন, বাংলাদেশ জামায়াতে ইসলামীর মহাসচিব মাওলানা মতিউর রহমান নিজামী, কৃষক শ্রমিক পার্টির সভাপতি এ এস এম সোলায়মান, বাংলাদেশ ডেমোক্রেটিক পার্টির মহাসচিব ব্যারিস্টার আবুল হাসনাত, বাংলাদেশ রিপাবলিকান পার্টির সভাপতি এডভোকেট শরাফত হোসেন চৌধুরী, ইসলামী লেবার অর্গানাইজেশনের প্রধান আশরাফ উদ্দিন আহমেদ, ইসলামী ঐক্য আন্দোলনের নেতা হাফেজ মাওলানা হেমায়েত উদ্দিন, জামায়াতে ইসলামী ঢাকা মহানগরীর সচিব এ টি এম আজহারুল ইসলাম। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। খবর বিজ্ঞপ্তির।